

চিকিৎসাজনিত কারণ দেখিয়ে দুই মাসের ছুটি নিয়ে প্রায় তিন বছর ধরে বিদ্যালয়ে অনুপস্থিত আছেন নীলফামারী সদর উপজেলার পলাশবাড়ী ইউনিয়নের ডোলাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মুসাররাত জাহান।

advertisement

গতকাল সরেজমিন গিয়ে দেখা যায়, প্রধান শিক্ষিকা উপস্থিত নেই। বিদ্যালয়ের হাজিরা খাতায় ২০১৯ সালের ২৬ সেপ্টেম্বর থেকে অনুপস্থিত রয়েছেন তিনি।

সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা বাসুদেব রায় জানান, বিদ্যালয়টি পরিদর্শন করে প্রধান শিক্ষিকাকে

অনুপস্থিত পাওয়া গেছে এবং এ বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তাকে প্রতিবেদন দেওয়া হয়েছে।

এ ব্যাপারে উপজেলা শিক্ষা কর্মকর্তা এনামুল হক সরকার মুঠোফোনে বলেন, দীর্ঘদিন অনুপস্থিতির কারণে একাধিকবার কৈফিয়ত তলব করা হয়। কিন্তু তিনি জবাব দেননি। তার বিরুদ্ধে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কাছে ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদন পাঠানো হয়েছে।

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা নবেজ উদ্দিন সরকার জানান, চলতি বছরের ২১ আগস্ট ওই শিক্ষিকার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুর জন্য বিভাগীয় উপপরিচালক প্রাথমিক শিক্ষা রংপুর বিভাগ বরাবর সুপারিশ পাঠানো হয়েছে।

অভিযুক্ত শিক্ষিকার সঙ্গে গতকাল মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তিনি বলেন, সাত দিনের মধ্যে তিনি ইস্তেফা জমা দেবেন।